# সেতু বিভাগের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা, ২০২৬

সেতু বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাজেট শাখা
www.bridgesdivision.gov.bd

আদেশ নং-৫০.০০.০০০০.০০০.০০০.৩১.০০০২.২৫-০৮

তারিখঃ ১৫ মাঘ ১৪৩২ / ২৯ জানুয়ারি ২০২৬

**অফিস আদেশ**

**বিষয়ঃ সেতু বিভাগের সংশোধিত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ।**

৩১ মার্চ ২০০৮ তারিখে প্রজ্ঞাপন জারির মাধ্যমে তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন "সেতু বিভাগ" গঠন করা হয়। গত ১২ মার্চ ২০২০ তারিখে সেতু বিভাগের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ জারি করা হয়। তবে প্রতিষ্ঠালগ্নের পর থেকে বর্তমান সময় পর্যন্ত জনবল বৃদ্ধি ও সেতু বিভাগের কাজের পরিধি বিস্তৃত হওয়ায় প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সেতু বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ সংশোধন করা হয়েছে। উল্লেখ্য, এ সংশোধন কাজে রুলস অব বিজনেস, ১৯৯৬ (এপ্রিল ২০১৭ পর্যন্ত সংশোধিত), সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯, অর্থ বিভাগের আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা (Principal Accounting Officer) হিসেবে মন্ত্রণালয়ের সচিবদের দায়িত্ব, কর্তব্য ও ভূমিকার বিষয়ে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় কর্তৃক জারিকৃত ১৪/০৮/২০১৬ তারিখের দিক নির্দেশনা অনুসরণ করা হয়েছে।

০২। দ্রুততম সময়ে দক্ষতা ও দায়িত্বশীলতার সাথে সুষ্ঠুভাবে কার্য সম্পাদন করা প্রত্যেক সরকারি কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব। এই আদেশ জারির ফলে সেতু বিভাগের কর্মরত প্রত্যেকে তার নিজস্ব কর্মপরিসীমার মধ্যে কার্য সম্পাদনের জন্য দায়িত্বশীল ও সতর্ক থাকবেন, এটাই কাম্য।

০৩। এতে কোন বিষয় সুস্পষ্ট উল্লেখ না থাকলে ঊর্ধ্বতন কর্মকর্তার পরামর্শ গ্রহণ করতে হবে। এই নির্দেশাবলিতে উল্লিখিত কোন বিষয়ে সরকারি নীতি বা প্রচলিত বিধি-বিধানের সাথে অসংগতিপূর্ণ প্রতীয়মান হলে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী কার্যসম্পাদন করতে হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ও এতদবিষয়ে ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ/নির্দেশ বাতিল বলে গণ্য হবে।

২৯.০১.২০২৬

(মোহাম্মদ আবদুর রউফ)
সচিব

# সেতু বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের প্রশাসনিক ক্ষমতা অর্পণ
# (Delegation of Administrative Power)

| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব /সহকারী সচিব |
| ক. পদ সৃজন/সংরক্ষণ/সাংগঠনিক কাঠামো অনুমোদন | | | | | | |
| ১ | পদ সৃজন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২ | অস্থায়ী পদের মেয়াদ সংরক্ষণ | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩ | সেতু বিভাগের সাংগঠনিক কাঠামো, সরঞ্জামাদি ও পদ পুনর্বিন্যাস/পরিবর্তন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| খ. নিয়োগ/পদায়ন/পদোন্নতি | | | | | | |
| ৪ | নিয়োগ বিধি প্রণয়ন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৫ | সরাসরি নিয়োগ/পদোন্নতি/পদত্যাগ (Resignation) সংক্রান্ত | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৬ | চাকরি স্থায়ীকরণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৭ | বিভাগের অভ্যন্তরীণ বদলি/পদায়ন | - | ২য়-৯ম গ্রেড | ১০-২০ তম গ্রেড | - | - |
| ৮ | চাকরিতে চুক্তিভিত্তিক নিয়োগ/লিয়েন সংক্রান্ত | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| গ. বিভাগীয় মামলা/শৃঙ্খলা | | | | | | |
| ৯ | বিভাগীয় মামলার সূচনা ও নিষ্পত্তিকরণ | - | ২য়-৯ম গ্রেড | - | ১০-২০ তম গ্রেড | - |
| ১০ | বিভাগীয় মামলার আপিল আবেদন বিবেচনা | সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী নিষ্পত্তিযোগ্য | | | | |
| ১১ | বিলম্বে অফিসে উপস্থিতি ও অননুমোদিতভাবে অফিসে অনুপস্থিত থাকা কর্মচারীদের মাসিক তালিকা প্রণয়ন ও ব্যবস্থা গ্রহণ | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ঘ. কমিটি গঠন | | | | | | |

| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব /সহকারী সচিব |
| ১২ | নিয়োগ এবং পদোন্নতি সংক্রান্ত বিভাগীয় নির্বাচন কমিটি গঠন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১৩ | বিশেষ কমিটি গঠন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১৪ | টেন্ডার/প্রস্তাবক/উন্মুক্তকরণ/ বাজার দর যাচাইকরণ ও মূল্যায়ন কমিটি | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| **ঙ. অবসর/পেনশন** | | | | | | |
| ১৭ | কর্মকর্তা/কর্মচারীদের পেনশন মঞ্জুরির ক্ষেত্রে চাকরির ধারাবাহিকতা ভঙ্গের জন্য প্রমার্জন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১৮ | পেনশন প্রাপ্যতার জন্য বয়সের সীমা প্রমার্জন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১৯ | (ক) অবসর গ্রহণের অনুমতি ও অবসর ভাতা মঞ্জুরি (সুপার অ্যানুয়েশন) | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| | (খ) স্বেচ্ছায় অবসর গ্রহণের অনুমতি- গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯(১) অনুসারে | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| | (গ) চাকরি থেকে অবসর প্রদান-গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯(২) এবং অনুসারে গণকর্মচারী (অবসর) আইন, ২০১০ অনুসারে | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| **চ. প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ** | | | | | | |
| ২০ | (ক) বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/ ওয়ার্কশপের জন্য প্রার্থী বাছাই | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| | (খ) বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/ ওয়ার্কশপের জন্য প্রার্থী মনোনয়ন অনুমোদন ও | মাননীয় প্রধানমন্ত্রীর পূর্ণ ক্ষমতা (সচিব/অতিরিক্ত সচিব) | জাতীয় বেতন স্কেলের ৬-৯ নং গ্রেডভুক্ত সকল কর্মকর্তা, | - | - | - |

| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব /সহকারী সচিব |
| | প্রশাসনিক অনুমোদন | মাননীয় মন্ত্রীর পূর্ণ ক্ষমতা (জাতীয় বেতন স্কেলের ৩, ৪ ও ৫নং গ্রেডভুক্ত সকল কর্মকর্তা) | মন্ত্রণালয়ে কর্মরত সকল ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী | | | |
| | (গ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ/ সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদির জন্য প্রার্থী মনোনয়ন/অনুমোদন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| | (ঘ) আন্তঃমন্ত্রণালয় কমিটি/সভায় প্রতিনিধি মনোনয়ন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| **ছ. ছুটি/ভাতা মঞ্জুরি** | | | | | | |
| ২১ | নৈমিত্তিক ছুটি মঞ্জুরি | সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা | | | | |
| ২২ | গেজেটেড/ নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের অর্জিত ও মেডিক্যাল ছুটি মঞ্জুরি ক) দেশে | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| | খ) বিদেশে | মাননীয় প্রধানমন্ত্রীর পূর্ণ ক্ষমতা (সচিব/অতিরিক্ত সচিব)<br>মাননীয় মন্ত্রীর পূর্ণ ক্ষমতা (জাতীয় বেতন স্কেলের ৩, ৪ ও ৫নং গ্রেডভুক্ত সকল কর্মকর্তা) | জাতীয় বেতন স্কেলের ৬-৯ নং গ্রেডভুক্ত সকল কর্মকর্তা, মন্ত্রণালয়ে কর্মরত সকল ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী | - | - | - |
| ২৩ | শ্রান্তি ও চিত্তবিনোদন ভাতাসহ ছুটি মঞ্জুরি | - | ২য়-৯ম গ্রেড | ১০-২০তম গ্রেড | | |
| ২৪ | শিক্ষা ছুটি | মাননীয় প্রধানমন্ত্রীর পূর্ণ ক্ষমতা (সচিব/অতিরিক্ত সচিব) | জাতীয় বেতন স্কেলের ৬-৯ নং গ্রেডভুক্ত সকল কর্মকর্তা, | - | - | - |

| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব /সহকারী সচিব |
| | | মাননীয় মন্ত্রীর পূর্ণ ক্ষমতা (জাতীয় বেতন স্কেলের ৩, ৪ ও ৫নং গ্রেডভুক্ত সকল কর্মকর্তা) | মন্ত্রণালয়ে কর্মরত সকল ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী | | | |
| ২৫ | একাধিক পদে চলতি দায়িত্ব/ অতিরিক্ত দায়িত্ব এবং ভাতা প্রদান | ৯ম গ্রেড থেকে তদূর্ধ্ব | ১০-১৬ তম গ্রেড পর্যন্ত | ১৭-২০ তম গ্রেড পর্যন্ত | - | - |
| ২৬ | সম্মানী ভাতা প্রদান | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ২৭ | সেতু বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের নৈমিত্তিক ছুটি রেজিস্টার সংরক্ষণ | - | - | - | - | পূর্ণ ক্ষমতা |
| ২৮ | ভ্রমণ বিলে প্রতিস্বাক্ষর/অনুমোদন | সংশ্লিষ্ট তত্ত্বাবধানকারী / উর্ধ্বতন কর্তৃপক্ষ | | | | |
| **জ. আইন/বিধি-বিধান/নীতি/নির্দেশাবলি** | | | | | | |
| ২৯ | আইন/বিধি-বিধান/নীতি/নির্দেশাবলি প্রণয়ন/সংশোধন/ ব্যাখ্যা প্রদান | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩০ | সেতু বিভাগ কর্তৃক প্রণীত বিভিন্ন আইন/বিধি/নীতি সম্পর্কিত বই/পুস্তিকা সর্বশেষ সংশোধনী অনুযায়ী মুদ্রণ/পুনঃমুদ্রণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| **ঝ. জাতীয় সংসদ/মন্ত্রিসভা/সচিব কমিটি** | | | | | | |
| ৩১ | জাতীয় সংসদের প্রশ্নোত্তর, জনগুরুত্ব সম্পন্ন বিষয়, মনোযোগ আকর্ষণী প্রস্তাব, মুলতবি প্রস্তাব ইত্যাদি | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩২ | সংসদীয় স্থায়ী কমিটি/পাবলিক একাউন্টস কমিটিতে উপস্থাপনযোগ্য বিষয়সমূহ | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |

| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব /সহকারী সচিব |
| ৩৩ | মহামান্য রাষ্ট্রপতি/ মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রিসভা/ মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য উপস্থাপনযোগ্য প্রস্তাব | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩৪ | সচিব কমিটিতে উপস্থাপনযোগ্য বিষয়াবলি | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩৫ | গণমাধ্যমে সেতু বিভাগের পক্ষ থেকে ভাষ্য প্রদান / প্রেস রিলিজ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ঞ. বাজেট ও হিসাব | | | | | | |
| ৩৬ | সেতু বিভাগের বাজেট অনুমোদন এবং বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ | - | বাজেট অনুমোদন | বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ | বাজেট প্রস্তুতকরণ | - |
| ট. ক্রয় | | | | | | |
| ৩৭ | বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৩৮ | ক) RFQ ব্যতীত অন্যান্য ক্রয় (বিজ্ঞপ্তি এর মাধ্যমে) | - | পূর্ণ ক্ষমতা | | | |
| | খ) PPR/PPA অনুযায়ী RFQ পদ্ধতিতে ক্রয়ের ক্ষমতা | - | ১ (এক) লক্ষ টাকার উপরে | ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত | - | - |
| ঠ. অডিট আপত্তি নিষ্পত্তি | | | | | | |
| ৩৯ | (ক) সেতু বিভাগের সাধারণ অডিট সংক্রান্ত বিষয় নিষ্পন্নকরণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| | (খ) অডিট আপত্তির জবাব প্রদান | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ৪০ | ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠান | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| ড. নথি ব্যবস্থাপনা | | | | | | |
| ৪১ | (ক) অন্তর্বর্তীকালীন উত্তর/কোন পত্রের প্রাপ্তি স্বীকার ও তাগিদ প্রদান | - | - | - | - | পূর্ণ ক্ষমতা |

| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব /সহকারী সচিব |
| | (খ) নথিপত্রের শ্রেণিবিন্যাস অনুমোদন | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| | (গ) নথি বিনষ্টকরণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ঢ. যানবাহন সংক্রান্ত | | | | | | |
| ৪২ | দীর্ঘমেয়াদে গাড়ি ভাড়াকরণ সংক্রান্ত | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৪৩ | যানবাহনের জ্বালানি সরবরাহ, লগ বই ও History বই সংরক্ষণ | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ৪৪ | যানবাহন ব্যবহারকারীদের নিকট থেকে বিল আদায়করণ | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ণ. বিভিন্ন প্রকার অগ্রিম/ভবিষ্য তহবিল | | | | | | |
| ৪৫ | গৃহ নির্মাণ/মোটর গাড়ি /কম্পিউটার/মোটর সাইকেল/ বাই-সাইকেল ক্রয়ের জন্য অগ্রিম প্রদান | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৪৬ | ভবিষ্য তহবিলে অগ্রিম আদায় স্থগিতকরণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৪৭ | গৃহ নির্মাণ ঋণ/মোটর গাড়ি অগ্রিম বাবদ অর্থ পরিশোধে অক্ষমতার আবেদন অর্থ বিভাগে প্রেরণ সংক্রান্ত | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৪৮ | মৃত ব্যক্তির বরাবরে উত্তরাধিকার সার্টিফিকেট এর প্রেক্ষিতে ভবিষ্য তহবিলের চূড়ান্ত পরিশোধের অনুমতি | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৪৯ | জি.পি. ফান্ড ও বিভিন্ন অগ্রিম মঞ্জুর | - | ২য়-৯ম গ্রেড | ১০-২০ তম গ্রেড | - | - |
| ত. প্রকল্প সংক্রান্ত | | | | | | |
| ৫০ | প্রকল্প পরিচালকের অতিরিক্ত দায়িত্ব প্রদান | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| থ. বিবিধ | | | | | | |

| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব /সহকারী সচিব |
| ৫১ | (ক) বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর | এসিআর নীতিমালা অনুযায়ী | | | | |
| | (খ) সেতু বিভাগের কর্মচারী/ কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন সংরক্ষণ/ব্যবস্থাপনা | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ৫২ | সেতু বিভাগের নিরাপত্তা বিষয়ক কার্যাদি | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| ৫৩ | সেতু বিভাগের নিরাপত্তা সম্পর্কিত জ্যেষ্ঠ নিরাপত্তা কর্মচারীর দায়িত্ব পালন এবং বিভাগীয় কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| ৫৪ | (ক) বাসস্থান এবং অফিসে টেলিফোন স্থানান্তর | - | - | - | - | পূর্ণ ক্ষমতা |
| | (খ) সেতু বিভাগের অফিস ও বাসস্থান ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় বিষয় | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| ৫৫ | স্টেশনারি, আসবাবপত্র ও যন্ত্রপাতি সংগ্রহ/সরবরাহ/সংরক্ষণ | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ৫৬ | সেতু বিভাগে প্রাপ্ত সকল চিঠিপত্র, নথি, পার্সেল ইত্যাদি গ্রহণ ও বিতরণ | - | - | - | - | পূর্ণ ক্ষমতা |
| ৫৭ | লাইব্রেরি সংক্রান্ত বিষয়াবলি | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ৫৮ | পরিচয়পত্র সংক্রান্ত কার্যাবলি | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ৫৯ | পাসপোর্টের অনুমতি প্রদান | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৬০ | মনিটরিং টিমের প্রতিবেদনে সুপারিশে উল্লিখিত গুরুতর প্রশাসনিক ব্যত্যয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৬১ | গৃহনির্মাণ এবং অন্যান্য স্থাবর/অস্থাবর সম্পত্তি ক্রয় /বিক্রয়/হস্তান্তর এর অনুমতি | ৯ম গ্রেড থেকে তদূর্ধ্ব | ১০-২০ তম গ্রেড | - | - | - |

# সেতু বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা অর্পণ
# (Delegation of Financial Power)

| প্রশাসনিক বিষয়াদি | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব |
| ১ | যানবাহন মেরামত | - | বৎসরে ১টি যানবাহনের ক্ষেত্রে অনূর্ধ্ব ১,০০,০০০ (এক লক্ষ) টাকা | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | - |
| ২ | পুরাতন যানবাহন অকেজো ঘোষণাকরণ এবং বিক্রয়/নিষ্পত্তি | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৩ | বাজেটে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৪ | বাজেটে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৫ | জালিয়াতি/গাফিলতি অথবা অন্যান্য কারণে ভান্ডার বা সরকারি অর্থের অনাদেয় মূল্য অবলোপন | - | ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত | - | - | - |
| ৬ | পুরাতন যানবাহন প্রতিস্থাপন | - | পূর্ণ ক্ষমতা (অর্থ বিভাগের সম্মতি সাপেক্ষে) | - | - | - |
| ৭ | যানবাহন রেজিস্ট্রেশন ব্যয় | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৮ | পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট এবং গ্যাস ও জ্বালানি ক্রয়ের বিল পরিশোধ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | - |
| ৯ | (ক) মনিহারি দ্রব্য ক্রয়ের অনুমোদন ও বিল পরিশোধ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | - |
| | (খ) যন্ত্রপাতি, আসবাবপত্র, টেলিফোন, ফ্যাক্স, কম্পিউটারসহ অফিস সরঞ্জামাদি ক্রয় ও মেরামত বিল পরিশোধ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | - |

প্রশাসনিক বিষয়াদি

| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব |
| | (গ) সেতু বিভাগের যন্ত্রপাতি, আসবাবপত্র, অফিস সরঞ্জামাদি মেইন্টেন্যান্স চুক্তি অনুমোদন ও বিল পরিশোধ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | - |
| | (ঘ) সাময়িকী ও পত্র পত্রিকা ক্রয় ও বিল পরিশোধ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত |
| | (ঙ) পোষাক (লিভারিজ) ক্রয় (নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী) অনুমোদন ও বিল পরিশোধ | - | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত | - | - |
| | (চ) আসবাবপত্র ও রেকর্ড পত্রাদির স্থানান্তর / বহন খরচ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত |
| | (ছ) (i) ডাক, টেলিগ্রাম, টেলিফোন বিল বাবদ ব্যয় | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত |
| | (জ) (ii) ইন্টারনেট, ফ্যাক্স বাবদ ব্যয় | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত |
| | (ঝ) আইনজীবী/পরামর্শক এর ফি | - | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | - |
| | (ঞ) মামলা সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় | - | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | - |
| | (ট) আইন ও বিচারের রায় অনুসারে অর্থ পরিশোধ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |

| প্রশাসনিক বিষয়াদি | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব |
| | (ঠ) বিজ্ঞাপন খরচ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | - | - |
| | (ড) (i) মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সরকার কর্তৃক নির্ধারিত আপ্যায়নের বিল পরিশোধ | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| | (ড) (ii) একক সভা/সম্মেলন বাবদ আপ্যায়ন ব্যয় | - | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত | ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত | - |
| | (ড) (iii) বিবিধ (পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী, যাতায়াত ব্যয়, শ্রমিক (অনিয়মিত) মজুরি, সেতু/সড়কের উপর টোল ইত্যাদি) আনুষঙ্গিক ব্যয় | - | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত | - | - | - |
| ১০ | অফিসের যন্ত্রপাতি, আসবাবপত্র ও অফিস সরঞ্জামাদি ক্রয় | - | পূর্ণ ক্ষমতা (৫০ কোটি) | - | - | - |
| ১১ | বাড়ি ভাড়া (অনাবাসিক) (গণপূর্ত অধিদপ্তরের রেট অনুযায়ী) | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১২ | আনুষঙ্গিক ও অন্যান্য ব্যয়ের জন্য অগ্রিম মঞ্জুরি (ইমপ্রেস্ট অগ্রিম) | - | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত (অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে) | - | - | - |
| ১৩ | সাধারণ অগ্রিম, ভ্রমণ ভাতা অগ্রিম (দেশে, বিদেশে) | - | ৭,০০,০০০ (সাত লক্ষ) টাকা পর্যন্ত | ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা পর্যন্ত | - | - |
| ১৪ | বাজেটে অর্থ সংরক্ষণ এবং অর্থ বিভাগের প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে আনুষঙ্গিক ব্যয়ের মঞ্জুরি প্রদান | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| ১৫ | অন্যান্য আনুষঙ্গিক অনাবর্তক ব্যয় যাহা সুনির্দিষ্টভাবে নির্ধারণ করা হয় নাই | - | পূর্ণ ক্ষমতা | | - | - |

| প্রশাসনিক বিষয়াদি | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রম | বিষয় | অর্পিত ক্ষমতা/দায়িত্বের পর্যায় | | | | |
| | | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / যুগ্মসচিব | উপসচিব | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব |
| ১৬ | সরকারি ছাপাখানা ছাড়া অন্য ছাপাখানায় ছাপার খরচ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | - | - |
| ১৭ | বাঁধাই খরচ | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত | - |
| ১৮ | বাৎসরিক প্রশিক্ষণ বাজেট অনুমোদন সাপেক্ষে আর্থিক অনুমোদন | - | ১,০০,০০০ (এক লক্ষ) টাকার উর্ধ্বে | ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত | - | - |
| ১৯ | (ক) আবাসিক টেলিফোন মঞ্জুরি ব্যক্তিগতকরণ | - | - | - | পূর্ণ ক্ষমতা | - |
| | (খ) আবাসিক টেলিফোন স্থানান্তর বিল পরিশোধ | - | - | - | - | পূর্ণ ক্ষমতা |
| ১৫ | মনিটরিং টিমের প্রতিবেদনে সুপারিশে উল্লিখিত গুরুতর প্রশাসনিক ব্যত্যয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |

| প্রকল্প সংশ্লিষ্ট | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রম | বিষয় | মাননীয় মন্ত্রী/উপদেষ্টা | সিনিয়র সচিব / সচিব | অতিরিক্ত সচিব / প্রধান / যুগ্মসচিব / অনুবিভাগ প্রধান | উপসচিব / অধিশাখা প্রধান | সিনিয়র সহকারী সচিব /সহকারী সচিব |
| ১ | অনুমোদিত উন্নয়ন প্রকল্পের প্রশাসনিক অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২ | উন্নয়ন প্রকল্পের যানবাহন মেরামত | প্রকল্পের নিয়ম অনুযায়ী | | | | |
| ৩ | অনুমোদিত প্রকল্প দলিলে উল্লিখিত একই মুখ্য খাত, উপখাতসমূহের মধ্যে তহবিলের উপযোজন/পুনঃউপযোজন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৪ | উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়করণ (জিওবি) | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫ | সম্পূর্ণ জিওবি অর্থায়নে পরিচালিত প্রকল্পের বাস্তবায়ন সমন্বয় ও পরিবীক্ষণে চিহ্নিত গুরুতর ব্যত্যয় সংক্রান্ত বিষয়াদি | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৬ | সম্পূর্ণ জিওবি অর্থায়নে পরিচালিত প্রকল্পের বাস্তবায়ন সমন্বয় ও পরিবীক্ষণে প্রাপ্ত রুটিন বিষয়াদি | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| ৭ | সম্পূর্ণ জিওবি অর্থায়নে পরিচালিত উন্নয়ন প্রকল্পের প্রকিউরমেন্টের নিমিত্ত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (সিসিজিপি) জন্য সারসংক্ষেপ অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৮ | সম্পূর্ণ জিওবি অর্থায়নে পরিচালিত উন্নয়ন প্রকল্পের প্রকিউরমেন্ট পদ্ধতি নির্ধারণে অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটির (সিসিইএ) জন্য সারসংক্ষেপ অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৯ | বৈদেশিক সহায়তাপুষ্ট বিনিয়োগ ও কারিগরি-সহায়তা প্রকল্পসমূহের বাস্তবায়ন সমন্বয় ও পরিবীক্ষণে চিহ্নিত গুরুতর ব্যত্যয় সংক্রান্ত বিষয়াদি | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ১০ | সম্পূর্ণ সরকারি অর্থায়নে গৃহীত ও অনুমোদিত উন্নয়ন প্রকল্পের জন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত আর্থিক ক্ষমতা অনুযায়ী কার্য, পণ্য ও সেবা ক্রয়ের প্রস্তাব অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ১১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদন ও অর্থ ছাড়করণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১২ | বৈদেশিক সহায়তাপুষ্ট বিনিয়োগ ও কারিগরি-সহায়তা প্রকল্পসমূহের বাস্তবায়ন সমন্বয় ও পরিবীক্ষণে প্রাপ্ত রুটিন বিষয়াদি | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| ১৩ | প্রকল্পভুক্ত জনবলের পদ সৃজন, মঞ্জুরি ও সংরক্ষণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১৪ | সম্পূর্ণ সরকারি অর্থায়নে গৃহীত ও অনুমোদিত উন্নয়ন প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১৫ | সম্পূর্ণ সরকারি অর্থায়নে গৃহীত ও | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | অনুমোদিত উন্নয়ন প্রকল্পে অন্তর্ভুক্ত যানবাহন, যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন | | | | | |
| ১৬ | বৈদেশিক সহায়তাপুষ্ট বিনিয়োগ ও কারিগরি-সহায়তা প্রকল্পসমূহের কার্য, পণ্য ও সেবা ক্রয়ের নিমিত্ত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য প্রণীত সারসংক্ষেপ অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ১৭ | প্রকল্পের ডেলিগেটেড/ডিপোজিট প্রকিউরমেন্ট কাজের প্রশাসনিক অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ১৮ | সম্পূর্ণ সরকারি অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পের টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) ও প্রোপোজাল ইভ্যালুয়েশন কমিটি (পিইসি) গঠন অনুমোদন | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ১৯ | সম্পূর্ণ সরকারি অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন প্রদান | পূর্ণ ক্ষমতা | - | | - | - |
| ২০ | সম্পূর্ণ সরকারি অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের প্রাক্কলন অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২১ | বিনিয়োগ ও কারিগরি-সহায়তা প্রকল্পসমূহের জন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত আর্থিক ক্ষমতা অনুযায়ী কার্য, পণ্য ও সেবা ক্রয়ের প্রস্তাব অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২২ | সম্পূর্ণ সরকারি অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পের জন্য প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের মধ্যে অন্য কোন সরকারি ভূমি ও স্থাপনা থাকলে তা প্রকল্পের অনুকূলে হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২৩ | সম্পূর্ণ সরকারি অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পের ইউটিলিটি অপসারণ, স্থানান্তর, প্রতিস্থাপন ইত্যাদির প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২৪ | প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তা | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | নিয়োগ | | | | | |
| ২৫ | আইএমইডি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর কার্যক্রম গ্রহণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ২৬ | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকালে ও সমাপ্তির পর উদ্ভূত পরিস্থিতি নিরসনে কার্যক্রম গ্রহণ | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ২৭ | প্রকল্পের অন্তর্ভুক্ত যানবাহন, যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২৮ | উন্নয়ন প্রকল্পের আরবিট্রেশন সংক্রান্ত কার্যক্রম | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ২৯ | উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও বাস্তবায়িত প্রকল্পের উদ্বোধন সংক্রান্ত কার্যক্রম | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩০ | প্রকল্পের ডেলিগেটেড/ডিপোজিট প্রকিউরমেন্ট কাজের প্রশাসনিক অনুমোদন | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩১ | মনিটরিং টিমের প্রতিবেদনে সুপারিশে উল্লিখিত গুরুতর আর্থিক ব্যত্যয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৩২ | প্রকল্পের পরামর্শক (Key personnel) প্রতিস্থাপন সংক্রান্ত কার্যাবলী | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৩৩ | প্রকল্পে পুনঃরপ্তানির শর্তে মালামাল আমদানির জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর অনুমতি গ্রহণ সংক্রান্ত | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |
| ৩৪ | উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও বাস্তবায়িত প্রকল্পের উদ্বোধন সংক্রান্ত কার্যক্রম | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩৫ | পিপিপি প্রকল্প / বিনিয়োগ ও কারিগরি সহায়তা প্রকল্পের 'চুক্তিপত্র'-এর উপর আইন মন্ত্রণালয়/জাতীয় রাজস্ব বোর্ড এর ভেটিং/মতামত গ্রহণ সংক্রান্ত কার্যক্রম | পূর্ণ ক্ষমতা | - | - | - | - |
| ৩৬ | বিনিয়োগ ও কারিগরি সহায়তা প্রকল্পে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে আরপিএ (জিওবি ব্যতীত) ও ডিপিএ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের অথরাইজেশন জারি সংক্রান্ত কার্যাবলী | - | - | পূর্ণ ক্ষমতা | - | - |
| ৩৭ | বিনিয়োগ ও কারিগরি সহায়তা | - | পূর্ণ ক্ষমতা | - | - | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রকল্পে পুনঃরপ্তানির শর্তে মালামাল আমদানির জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর অনুমতি গ্রহণ সংক্রান্ত | | | | | |
| ৩৮ | বিনিয়োগ ও কারিগরি সহায়তা প্রকল্পে বৈদেশিক সহায়তা গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংকে SAFE, CONTASA, IMPREST, DOSA ইত্যাদি অ্যাকাউন্ট খোলার কার্যক্রম | - | পূর্ণ ক্ষমতা | - | | |

**অন্যান্য গুরুত্বপূর্ণ নির্দেশাবলিঃ**

- অনুমোদিত ডিপিপি/পিসিপি/টিএপিপি-তে সংশ্লিষ্ট দ্রব্য/সরঞ্জামাদি অন্তর্ভুক্ত থাকা, বিদ্যমান বিধি-বিধান ও শর্ত পালন, বাজেট বরাদ্দ, অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ (ক্রয়ের ক্ষেত্রে দ্রব্য ও সরঞ্জাম) অন্তর্ভুক্ত থাকা এবং প্রযোজ্য ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি থাকা সাপেক্ষে আর্থিক ক্ষমতা প্রয়োগ করতে হবে।
- আর্থিক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে প্রচলিত আর্থিক বিধি-বিধান ও সর্বশেষ অনুমোদিত পাবলিক প্রকিউরমেন্ট আইন / পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুসরণ করতে হবে।
- উন্নয়ন প্রকল্পের আর্থিক ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক সময় সময় জারিকৃত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা শীর্ষক পরিপত্র অনুসরণ করতে হবে।
- উর্ধ্বতন/তত্ত্বাবধায়ক কর্মচারীগণ অধীনস্থ কর্মচারীর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষণ করবেন।
- এতে কোনো বিষয় সুস্পষ্ট উল্লেখ না থাকলে উর্ধ্বতন কর্মকর্তার পরামর্শ গ্রহণ করতে হবে। এই নির্দেশাবলীতে উল্লিখিত কোন বিষয়ে সরকারি নীতি বা প্রচলিত বিধি-বিধানের সাথে অসংগতিপূর্ণ প্রতীয়মান হলে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী কার্যসম্পাদন করতে হবে।
- মাননীয় উপদেষ্টা মাননীয় মন্ত্রীর ক্ষমতা সংরক্ষণ করেন।

মোহাম্মদ আবদুর রউফ
সচিব
সেতু বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার